

শ্রীশ্রীহরি সঙ্গীত

গৌসাই তারকচন্দ্র সুধায়, অশ্বিনী তুই সদায়,
হরি বলে হ'গে প্রেম ভিখারী ॥

৮৪ নং তাল-আড়া

হরি পরাম পুতুল আমার পরাণ পুতুল।
নয়নের মণি হরি, জীবন জাতি কুল ॥

- ১। বসন ভূষণ হরি, হরি আমার হস্তের চুরি।
হরি আমার শঙ্খ শাড়ী, হরি কর্ণের দুল ॥
- ২। হরি পতি হরি গতি, হরি আমার রতি মতি।
হরি আমার দিবারাতি, হরি নাকের ফুল ॥
- ৩। হরি মাতা হরি পিতা, হরি-গুরু জ্ঞান দাতা।
হরি আমার পুত্র ভ্রাতা, হরি অনুকুল ॥
- ৪। হরি ধ্যান হরি জ্ঞান, হরি আমার কুলমান।
হরি আমার ধন প্রাণ, হরি সর্ব মূল ॥
- ৫। হরি আমার মহানন্দ, হরি আমার তারকচন্দ্র।
হরি বিনা নিরানন্দ, অশ্বিনী আকুল ॥

৮৫ নং তাল-যৎ

গুরুর কাছে ছকুম নিয়ে, কাম রতির রণে দে হানা।
শুন না শুন না কারুর মানা ॥

- ১। নিষ্কাম রথে আরোহণ করি, শম দম অশ্ব যুড়ি।
ধৈর্য্য ধনুক করে ধরি, সহজ বান কর যোজনা ॥
- ২। কামের সহায় কলি রাজা, যড়রিপু তাহার প্রজা।
জীবাত্মাকে দিচ্ছে সাজা, লুট করে নেয় উপাসনা ॥
- ৩। ক্রোধ কলির সেনাপতি, দয়ামায়া নাই এক রতি।
সুমতির ঘটায় কুমতি, এক জোটে আছে ছয় জনা ॥